# কমপিউটার জগতের খবর

## নতুন পণ্য ও অন-লাইন সার্ভিস দিয়ে
## এপল তার দিগন্ত প্রসারিত করছে

(আমেরিকা প্রতিনিধি)

আমেরিকার এপল কমপিউটার ইনক জানিয়েছে তারা সাধারণ ব্যবহারকারীদের জন্য এমন একটি পিসি বাজারজাত করছে যা টেলিভিশনের কাজও করবে। অনেকটা Performa ৬০০ এর মত এই মডেলটিতে রয়েছে মটরোলার ৩২ মেগাহার্টজ ৬৮০৩০ প্রসেসর, ৫ মেগাবাইট র‍্যাম, ১টি ১৬০ মেগাবাইট হার্ডডিস্ক এবং ১টি সিডি-রম ড্রাইভ। দাম প্রায় দুহাজার ডলার।

তবে এখানেই শেষ নয় বাড়তি হিসেবে ক্রেতা পাচ্ছেন ক্লারিসওয়ার্কস ২.০, দি আমেরিকান হেরিটেজ ডিকশনারি, ম্যাভিস বীকন, টিচেস টাচ টাইপিং, কিছু টেমপ্লেটস এবং ক্লিপ আর্টস। আর থাকছে গ্রোলিয়ার মাল্টিমিডিয়া সহ ৬টি সিডি-রম, প্রধান ইউনিটের সাথে একটি ১৪ ইঞ্চি ট্রিনিট্রন মনিটর/ টিভি। একটি ইনফ্রারেড ইউনিট টেলিভিশন এবং সিডি প্লেয়ারটিকে দূর থেকে নিয়ন্ত্রণ করে। এর সাথে দেয়া টেলিভিশন সফটওয়্যার টেলিভিশন মোডের পাসওয়ার্ড প্রোটেকশন ছাড়াও নানাবিধ কাজ করে।

এদিকে কোম্পানীটি তার আয় বাড়ানোর লক্ষ্যে জানুয়ারী প্রথম সপ্তাহ থেকে eWorld নামে একটি অন-লাইন সার্ভিস শুরু করছে। ১৯৯৪ সালের মধ্যে বিশ্বজুড়ে ম্যাকিনটোশ ব্যবহারকারীরা এর ইংরাজি ভার্সন ব্যবহার করতে পারবে। এটি একটি তথ্য ভান্ডার যাতে রয়েছে নিউজ বুলেটিন, ট্রাভেল রিজার্ভেশন সার্ভিস এবং কেনা কাটা করার ক্যাটালগ।

আমেরিকাতে eWorld-এর গ্রাহক ফী রাখা হয়েছে প্রতি মাসে প্রায় সাড়ে তিন শত বাংলাদেশী টাকার সমান। এর মধ্যে রয়েছে প্রতি গ্রাহকের জন্য দুই ঘণ্টা বিনামূল্যে ব্যবহারের সুযোগ। Prodigy নামে অপর একটি অন-লাইন সার্ভিস প্রতিমাসে মূল ফী নেয় ৬০০ টাকার সমান।

এপল তার এই অন-লাইন প্রযুক্তিটি ভাড়া করেছে America On-line এর কাছ থেকে। তবে এপল-এর সিস্টেম ব্যবহার করা অনেক সহজতর হবে। এপল ধারণা করছে ৯৪ সালের মধ্যে তার গ্রাহক সংখ্যা দাঁড়াবে ১ থেকে ৪ লাখ। পিসিতে মাইক্রোসফটের উইন্ডোজ ব্যবহারকারীদের জন্যও এ সার্ভিসের সুযোগ সম্প্রসারিত করার পরিকল্পনা রয়েছে এপলের।

এদিকে পাওয়ার পিসি চিপে এপলের সিস্টেম ৭ চালানোর বিটা টেস্ট চলছে। আগামী মার্চে এটি বাজারে ছাড়া হলে দারুণ আলোড়ন সৃষ্টি হবে বলে অনেকে ধারণা করছেন। ৬টি কোম্পানী ঘোষণা দিয়েছে তারা এই নতুন অপারেটিং সিস্টেমের জন্য সফটওয়্যার তৈরী করছে।

মটরোলার 680XX চিপ পরিবারে যে সমস্ত সফটওয়্যার চলে এতেও সেগুলো চলবে। তবে যদি কোনরূপ জটিলতা সৃষ্টি হয়, তা সমাধান করা এপলের জন্য খুব একটা সহজ কাজ হবে না।

এপল তার পণ্যে ক্রেতাদের আকৃষ্ট করানোর জন্য আমেরিকার সিটি ব্যাংকের সাথে যৌথভাবে মাস্টার কার্ড এবং ভিসা চালু করতে যাচ্ছে। এই কার্ডের অধিকারীগণ এপলের পণ্য কিনলে শতকরা পাঁচ ভাগ পর্যন্ত ছাড় পাবেন। ❀

## ব্যাংক ক্লিয়ারিং প্রকল্প স্থাপনে চীনের উচ্চাভিলাষী প্রকল্প

বিশ্ব ব্যাংকের সহায়তায় চীন তার জাতীয় ব্যাংকসমূহে কমপিউটারাইজড ক্লিয়ারিং পদ্ধতি চালু করার একটি পাইলট প্রকল্প স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করেছে। প্রকল্পটি চালু হলে চীন ব্যাংকিং সিস্টেমে কমপক্ষে দুই প্রজন্ম এগিয়ে যাবে।

চীনের ব্যাংকিং সিস্টেম আধুনিকীকরণের অংশ হিসাবে এ প্রকল্পে ব্যয় হবে ৫০০ মিলিয়ন থেকে ১ বিলিয়ন আমেরিকান ডলার।

সারা দেশ জুড়ে এই ইলেক্ট্রনিক ক্লিয়ারিং এবং লেনদেন নেটওয়ার্ক চালু হলে ব্যাংকের ক্লিয়ারিং-এর সময় সপ্তাহ থেকে কমে দিনে বা ঘণ্টায় দাঁড়াবে। ❀

## শিক্ষার বৈষম্য কমিয়েছে কমপিউটার

শিক্ষা অর্জন পর্যালোচনার আন্তর্জাতিক সংস্থা ইন্টারন্যাশনাল এসোসিয়েশন ফর দি ইভালিউশন অফ এডুকেশন এচিভমেন্ট সম্প্রতি এক জরীপ শেষে জানিয়েছে কমপিউটার ছেলে এবং মেয়ে, ধনী এবং গরীবের শিক্ষা অর্জনের মাঝে বিরাজমান বৈষম্য কমাতে বিস্তর সাহায্য করছে। জরীপের ফল থেকে দেখা গেছে কমপিউটারের কল্যাণে সকলের মাঝে শিক্ষা বিস্তার ও তা গ্রহণে একটা সাম্য এসেছে। ❀

## আমলাতন্ত্র দূর করতে—

সরকারী আমলাতন্ত্রকে কমপিউটারায়ন করার জন্য সিঙ্গাপুরের ন্যাশনাল কমপিউটার বোর্ড এ পর্যন্ত ৪৫৭টি সিস্টেম ডেভেলপ করেছে। বর্তমানে আরও ১৫০টি সিস্টেম ডেভেলপমেন্টের কাজ এগিয়ে চলছে। তাছাড়া ভবিষ্যতে আরো ১৮০টির কাজ হাতে নেয়া হবে। পাঁচ বছরের এই প্রকল্পটি চার বছরের মধ্যে সম্পূর্ণ হচ্ছে।

এর প্রধান উদ্দেশ্য হচ্ছে আন্তর্জাতিক বাণিজ্যের কাগজপত্র দ্রুত পরীক্ষা বা লেনদেনের জন্য সিঙ্গাপুরে যে ইডিআই সিস্টেম 'ট্রেডনেট' রয়েছে তার অনুরূপ একটি দ্রুত কার্যকর সিস্টেম গড়ে তোলা। এটিকে তারা বলছে 'One stop, non-stop system'.

প্রকল্পটি শেষ হলে যে কেউ একটি AT মেশিনে ৬৪০ কিলোবাইট মেমরির সাহায্যে বিভিন্ন প্রকার বিল এবং কর প্রদান, বিনোদন এবং যানবাহনের টিকেট কাটা, চাকরির দরখাস্তসহ ইলেক্ট্রনিক পদ্ধতিতে সকল প্রকার লেনদেন করতে সক্ষম হবে। ❀

## Toshiba-র নতুন হার্ডডিস্ক

সম্প্রতি তোশিবা বাজারে প্রচলিত হার্ড ডিস্ক ড্রাইভ (HDD)-এর তুলনায় ৫৩ শতাংশ বেশী শক্তিশালী ৫২০ মেগাবাইট মেমরিসমৃদ্ধ ২.৫ ইঞ্চি মাপের নতুন HDD বাজারে ছেড়েছে। এখন পর্যন্ত এটিই বিশ্বের সর্বাধিক মেমরিসমৃদ্ধ HDD। ❀

## প্রোগ্রামারগণ আমেরিকান ভিসা লাভের অধিকতর সুযোগ পাবেন

সম্প্রতি অনুষ্ঠিত GATT-এর বৈঠকের পর মার্কিন কর্তৃপক্ষ ঘোষণা করেছে যে তারা বিভিন্ন দেশ থেকে আমেরিকায় এসে কাজ করার জন্য ৬৫,০০০ H1B ভিসা প্রদান করবে। কিন্তু ইউরোপের ইসিভুক্ত দেশগুলো এ ব্যাপারে অতটা উৎসাহী নয়। তবে কানাডা এবং অষ্ট্রেলিয়াও আমেরিকার পদাঙ্ক অনুসরণ করবে বলে পত্র-পত্রিকার খবর থেকে জানা গেছে।

এই সিদ্ধান্তের ফলে অভিজ্ঞ প্রোগ্রামারগণ আমেরিকায় কাজ করার জন্য ভিসা লাভের অধিকতর সুযোগ লাভ করবে। ❀

## ভারতে নতুন উচ্চ প্রযুক্তি উদ্যান

(ভারত প্রতিনিধি)

সিঙ্গাপুরের কয়েকটি প্রতিষ্ঠানের একটি কনসোর্টিয়ামের সাথে যৌথ উদ্যোগে ভারতের টাটা গ্রুপ ব্যাঙ্গালোরের কাছে ৫০ একর জমির উপর ৫০০ কোটি রুপী ব্যয়ে একটি অত্যাধুনিক উচ্চ প্রযুক্তি উদ্যান স্থাপন করছে। কর্ণাটক সরকার এ উদ্যানের জন্য প্রয়োজনীয় জমি দান করবে, সম্প্রতি কর্ণাটকের মুখ্যমন্ত্রী ভীরাপ্পা মইলী এটি অনুমোদন করেছেন।

আগামী ১৮ মাসের মধ্যে প্রকল্পটি চালু হবে বলে জানানো হয়েছে। প্রকল্পটি সম্পূর্ণ শেষ হতে ৩ বছর সময় লাগবে। এতে কমপিউটার, ইলেক্ট্রনিক্স এবং টেলিকমিউনিকেশন শিল্প স্থাপন করা হবে। উল্লেখ্য, ভারতে সরকারী উদ্যোগে এ পর্যন্ত ৮টি সফটওয়্যার টেকনোলজি পার্ক স্থাপন করা হয়েছে।

প্রকল্পটিতে ১৭,০০০ ইঞ্জিনিয়ার চাকরি পাবে। বছরে এ থেকে আয় হবে দুই থেকে তিন হাজার কোটি রুপী। আইবিএমসহ অন্যান্য বড় বড় বহুজাতিক কোম্পানী এখানে ইউনিট বসাতে আগ্রহ প্রকাশ করেছে। ❀

## বিদেশী নেটওয়ার্কের সাথে যুক্ত হতে ইন্দোনেশিয়া বিশ্ববিদ্যালয় গেটওয়ে সহায়তা দিচ্ছে

ইন্দোনেশিয়ার ব্যবসায়ী, ব্যবসা এবং সরকারী প্রতিষ্ঠানসমূহ বিদেশী ইনফরমেশন নেটওয়ার্কসমূহের সাথে ইন্দোনেশিয়া বিশ্ববিদ্যালয়ের গেটওয়ের সাহায্যে সংযোগ স্থাপন করতে পারছে। ইন্দোনেশিয়া বিশ্ববিদ্যালয়ের কমপিউটার সায়েন্স সেন্টার গেটওয়েটি পরিচালনা করছে। যে সমস্ত নেটওয়ার্কের সাথে এর সাহায্যে যোগাযোগ করা যাবে সেগুলো হচ্ছে মালয়েশিয়ার JARAING, সিঙ্গাপুরের TechNet, আমেরিকার UUNet এবং অষ্ট্রেলিয়ার Dialix.

এছাড়া কমপিউটার সায়েন্স সেন্টারটি একটি নেটওয়ার্ক স্থাপন করেছে যা বিশ্ববিদ্যালয়টির সকল ফ্যাকাল্টি, ল্যাবরেটরী, মেডিকেল সেন্টার এবং লাইব্রেরীকে সংযুক্ত করবে। UINet নামের এই নেটওয়ার্কটি ফাইবার অপটিক এবং মাইক্রোওয়েভ প্রযুক্তি ব্যবহার করছে। ❀

## আমেরিকার বিমান বাহিনী HYUNDAI মনিটর ব্যবহার করবে

আমেরিকার বিমান বাহিনী তার বিশ্বব্যাপী বিমান কেন্দ্রসমূহে হিউন্দাই ইলেক্ট্রনিক্স ইন্ডাস্ট্রিজের তৈরী মনিটর ব্যবহার করবে। কোম্পানীটি আগামী দুবছরে যুক্তরাষ্ট্র সরকারকে ১০০ মিলিয়ন ডলার মূল্যের ৩,০০,০০০ মনিটর সরবরাহ করবে। ❀

২৩টি কোম্পানি নিয়ে গঠিত

## বিআইটিজিএল রেজিষ্ট্রিকৃত

সম্প্রতি ২৩টি কমপিউটার কোম্পানী একত্রিত হয়ে বাংলাদেশ থেকে সফটওয়্যার রপ্তানী করার জন্য বিআইটিজিএল নামে যে নতুন কোম্পানী গঠন করেছিল সেটা সরকারের অনুমোদন পেয়েছে। তবে বিদেশী কোম্পানী বলে আইবিএমকে আপাততঃ এদের সাথে একত্রিত করা হয়নি সরকারের বিধিগত অসুবিধার কারণে। প্রয়োজনীয় বিধিগত অসুবিধাগুলো কাটিয়ে পারলে আইবিএমকে অন্তর্ভূক্ত করা হবে বলে জানা গেছে।

এ ব্যাপারে বিস্তারিত জানালেন বিআইটিজিএল-এর প্রেসিডেন্ট ফ্লোরা লিঃ-এর এমডি এম এন ইসলাম। জনাব ইসলাম জানান যে, আমেরিকার সফটওয়্যারের বাজার দখল করার জন্য দেশে যে পরিমান দক্ষ প্রোগ্রামারের দরকার তা দেশে এই মুহূর্তে নেই। তিনি অবিলম্বে দেশের বিআইটিগুলোতে ১ বছর মেয়াদী প্রোগ্রামার কোর্স চালু করার অনুরোধ জানান। তিনি বলেন, গ্রাজুয়েট ছেলেদের নিয়ে ভারত, পাকিস্তানের মতো অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোতেও এ ধরনের প্রশিক্ষণ দিয়ে প্রোগ্রাম তৈরী করা উচিত যাতে দ্রুত সফটওয়্যারের বাজার আমরা ধরতে পারি। সম্প্রতি ইউএনডিপির উদ্যোগে বিআইটিজিএল-এর দুজন প্রতিনিধি বহির্বিশ্বের সফটওয়্যার বাজার ঘুরে এসেছেন। সফটওয়্যারের বাজার রয়েছে মূলতঃ আমেরিকায়। তারা খুব বড় ধরনের কাজ দিতে পারে - যদি তা করার মতো দক্ষ জনবল আমাদের থাকে। বিআইটিজিএল-এর নিজস্ব অফিস বা কর্মচারী নেই। আপাততঃ ফ্লোরা লিঃ-এর ঠিকানায় এর রেজিষ্ট্রেশন হয়েছে। বর্তমানে কোম্পানীতে আট জন পরিচালক রয়েছেন। কোম্পানীর ভবিষ্যৎ কর্মপন্থা ঠিক করা হবে আলাপ আলোচনার মাধ্যমে। "তবে আমরা এদেশ থেকে সফটওয়্যার রপ্তানীর ব্যাপারে দৃঢ়ভাবে আশাবাদী" বললেন দেশের প্রবীণ কমপিউটার ব্যবসায়ী জনাব ইসলাম। ❁

ইউএস ট্রেড শো'৯৪

## উচ্চহারের কারণে অংশগ্রহণ কম

এবারের ইউএস ট্রেড শোতে ভাড়ার উচ্চহারের কারণে অংশগ্রহনকারীর সংখ্যা কমেছে। ২২, ২৩, ২৪ জানুয়ারী হোটেল শেরাটনে অনুষ্ঠিতব্য ইউএস ট্রেড শো ৩য় বারের মতো অনুষ্ঠিত হতে যাচ্ছে।

গত ২ বারের মতো এবারও ষ্টল ভাড়ার হার অতিরিক্ত হবার কারণে, ৩/৪ মাস প্রচেষ্টার পরও ষ্টল গতবারের চেয়ে কমেছে। যে কারণে উদ্যোক্তা আমেরিকান বাংলাদেশ ইকোনমি ফোরাম ৪টি ষ্টল নিয়েছে। আমেরিকান পণ্যের প্রদর্শনীতে একটি কনসাল্টিং ফার্মও ষ্টল নিয়েছে।

মাত্র ১ মাস আগে অনুষ্ঠিত বিসিএস প্রদর্শনীর ষ্টল ভাড়া যেখানে ছিল বিশ হাজার টাকা, সেখানে ইউএস ট্রেড শোতে ষ্টল ভাড়া প্রায় তিনগুণ। কয়েকজন ভেন্ডার 'এবিইএফ এই প্রদর্শনীর মাধ্যমে ব্যবসা করার মত আচরণ করছে' বলে অভিযোগ করেছেন।

কমপিউটার ভেন্ডারদের সনির্বন্ধ অনুরোধ এবং জেনারেল মিটিং-এর সিদ্ধান্ত মোতাবেক ১ দিন 'ব্যবসায়ীদের জন্য' (Traders Day) হবার কথা থাকলেও শেষ পর্যন্ত নির্বাহী পরিষদ তা বাতিল করায় অনেকেই তীব্র ক্ষোভ জানিয়েছেন। ❁

## পন্ডিত

'পন্ডিত' একটি প্রোগ্রামের নাম। সোহেল, অংক, মাহবুব, শিল্পী এই চার তারুণ্যের দীর্ঘ দুবছরের পরিশ্রমের ফসল 'পন্ডিত' এর রয়েছে প্রায় লক্ষাধিক বাংলা শব্দের বানানের শুদ্ধতা যাচাই করার ক্ষমতা। বাংলা ভাষায় এমনটি এই প্রথম। পন্ডিতের প্রকাশনা উপলক্ষ্যে ২৬ ডিসেম্বর জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। অনুষ্ঠানে লিখিত বক্তব্য পাঠ করেন সেইফওয়ার্কের পরিচালক মাহবুবুল আলম। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন সফটওয়্যার রচয়িতা শহীদুল ইসলাম সোহেল, আর এ আবদুল্লাহ অংক, মাহবুবুল আলম এবং শাহীন আখতার শিল্পী। পন্ডিতের মূল্য মাত্র ২০০০ টাকা। পাওয়া যাবে দি সেইফওয়ার্ক্স, ৪৪/সি, ইন্দিরা রোড, ঢাকাতে। ফোনঃ ৩১০৭০৯

## মালয়েশিয়া ও ভারতের পোষ্টাল সার্ভিস

মালয়েশিয়ার সকল পোষ্ট অফিস ডাটা কমিউনিকেশন নেটওয়ার্কের মাধ্যমে জিপিও-র সাথে যুক্ত হচ্ছে। পোষ্ট অফিসসমূহে পিসির সাহায্যে সকল প্রকার বিল পরিশোধ করা যাবে, অর্থ লেনদেন করা যাবে। তাছাড়া এক্সপ্রেস পোষ্টাল সার্ভিস, ড্রাইভিং লাইসেন্স নবায়নসহ পোষ্ট অফিসের যাবতীয় কাজকর্মে তথ্য প্রযুক্তি ব্যবহার করে জনগণকে 'One-stop service' দেয়া হবে।

ভারতেও প্রায় একই ধরনের সেবা প্রদানের লক্ষ্যে বড় বড় শহর যেমন– বোম্বে, মাদ্রাজ, দিল্লী, কলকাতা এবং ব্যাঙ্গালোরসহ সকল গুরুত্বপূর্ণ শহরে পোষ্ট অফিসসমূহ কমপিউটারায়ন করা হচ্ছে। ইতিমধ্যে তিনটি শহরে আটটি প্রধান পোষ্ট অফিসে জনগণ তথ্য প্রযুক্তির সহায়তায় সেবা পাচ্ছে। ❁


**COMPUTER TYPING**
**ENGLISH & BANGLA**

THESIS/ DISSERTATION/ REPORT/ BIO-DATA/ LETTER ETC. TYPED BY PROFESSIONAL SECRETARIES

BEST QUALITY RE-INKING &

LASER PRINTING

DONE IN

**WALID COMPUTER**

370 ELEPHANT ROAD
(EAST OF GAUSIA MARKET/AEROPLANE MOSQUE & OPPOSITE TO KAMPALA HOTEL)

TEL : 504776



**ANANTA JOTI**

COMPOSE
LASER PRINTING
RIBBON RE-INKING
ALSO
For Sales , Rent , Services & Data Entry

Please Call 815445, 814253

TOP OF THE TIME

ANANTA JOTI GROUP :
- M/S ANANTA JOTI ( COMPUTER & TELEFAX )
- M/S ANANTA JOTI MULTIMETALS ( DISH ANTENNA )
- M/S ANANTA JOTI SECURITY ( SECURITY GUARD )

HEAD OFFICE : Baitush Sharaf Mosque, 149/A, Airport Road,Dhaka - 1215

BRANCH : Lion Shopping Centre, 73, Airport Road (2nd Floor), Dhaka.

## মার্কিন কমপিউটার ব্যবসায়ীদের নয়া উদ্যোগে AST

আফ্রিকার অর্থনীতি উন্নয়নে বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে যুক্তরাষ্ট্রের সেরা ব্যবসা প্রতিষ্ঠানসমূহ। জেনারেল মটর, কোকোকোলার মত প্রতিষ্ঠানসমূহের সাথে এই মহৎ উদ্যোগে কমপিউটার ব্যবসা প্রতিষ্ঠান এএসটিও অংশগ্রহণ করছে। এরা সবাই মিলে আফ্রিকা মহাদেশে মুক্ত বাজার অর্থনীতি চালু এবং এর উন্নয়নের মাধ্যমে পুরো আফ্রিকা মহাদেশের অর্থনীতিকে চাঙ্গা করার চেষ্টা চালাবে। ❁

## Acer-এর চীপআপ টেকনোলজি

Acer-এর নতুন সিরিজের কমপিউটার Altos 700 এ সংযোজিত হয়েছে আরো উন্নত পদ্ধতি। এ সিরিজের ৪৮৬ কমপিউটারকে মাদারবোর্ডে কোনরূপ পরিবর্তন ছাড়াই ডুয়াল পেন্টিয়াম পাওয়ার পিসিতে আপগ্রেড করা সম্ভব। এর জন্য ব্যবহার করা হচ্ছে চীপআপ টেকনোলজি। তাদের মেশিনটি এমনভাবে সজ্জিত যে সেখান থেকে ৪৮৬ এর চিপটি তুলে সেখানে পেন্টিয়াম চিপ বসিয়ে দিলেই এটি একটি পেন্টিয়াম পিসি হয়ে যায়। ❁

## আইবিএম ইনম্যাক কোম্পানীর পিসি বানাচ্ছে

সম্প্রতি বিশ্বখ্যাত আইবিএম কোম্পানী স্বল্প মূল্যের কমপিউটার নির্মাতা প্রতিষ্ঠান ইনম্যাক করপোরেশনের সাথে এক চুক্তিতে উপনীত হয়েছে। এই চুক্তির ফলে আইবিএম এখন থেকে ইনম্যাকের ২৫০০ ডলার মূল্যের ইনসিগনিয়া মডেলের পিসি বানাবে। ❁

## তোশিবা সাবনোটবুক বানাচ্ছে

নোটবুক পিসি নির্মাণে নেতৃত্বশীল প্রতিষ্ঠান তোশিবা বাজারে তাদের নির্মিত প্রথম সাব নোটবুক 'ট্রাভেলার' ছেড়েছে। ট্রাভেলারের মডেল নম্বর তোশিবা পোর্টেজ T3400 বাজার মাত করবে এমন ধারণা বিশেষজ্ঞদের। ❁

## IOE-র সামগ্রীর মূল্য হ্রাস

ইন্টারন্যাশনাল অফিস ইকুইপমেন্ট তাদের সরবরাহকৃত কতিপয় পণ্য সামগ্রীর দাম হ্রাস করার কথা ঘোষণা করেছে। IOE'r বিক্রয় ব্যবস্থাপক জহিরুল করিম কমপিউটার জগৎকে জানান যে, OKI'r লেসারের সব মডেলের দাম ৫০% পর্যন্ত কমানো হয়েছে। তাছাড়া স্যাভন ইউপিএস এর দাম ১০%-১৫% কমানো হয়েছে। ❁

## ডাটা কমপ্রেশনে ডাবল টুলস

ডস ৬.০ ভার্শনে ডাটা কমপ্রেশনে ডাবল স্পেশ ব্যবহার করা হয়। কিন্তু কাজটিতে প্রায়শঃই সমস্যা দেখা দেয়। আমেরিকার Addstor কোম্পানী এই সমস্যার সমাধানে বের করেছে নতুন সফটওয়্যার ডাবলটুলস। এর দাম মাত্র ৯৯.৯৫ ডলার। ❁

## জনতা ব্যাংকে নতুন কমপিউটার সিস্টেম

সম্প্রতি জনতা ব্যাংকের ঢাকাস্থ লোকাল অফিসে নতুন একটি কমপিউটার সিস্টেম চালু করা হয়। স্থাপিত নতুন সিস্টেম উদ্বোধন করেন বাংলাদেশ সরকারের অর্থ প্রতিমন্ত্রী মুজিবর রহমান। ❁

## বাংলাদেশের প্রথম বুলেটিন বোর্ড সার্ভিস ডাটা ব্রিজ

ঢাকার কনসেন্ট কমপিউটার নেটওয়ার্ক বাংলাদেশে প্রথম "Data Bridge" নামে সর্ব সাধারণের জন্য একটি বুলেটিন বোর্ড সার্ভিস পরীক্ষামূলকভাবে শুরু করেছে। (কমপিউটার জগৎ ইতিপূর্বে এ সার্ভিস শুরু করার পরিকল্পনার খবর প্রকাশ করেছিল)। এ ধরনের বুলেটিন বোর্ড সার্ভিস পৃথিবীর প্রায় সব দেশেই চালু রয়েছে। এই সার্ভিস মূলতঃ ই-মেইল, নিউজ বুলেটিন, সফটওয়্যার বিনিময়, কেনাকাটার গাইড, ইলেক্ট্রনিক কনফারেন্স এবং অন্যান্য তথ্য সার্ভিস অফার করে থাকে। একটি মডেম এবং টেলিফোন থাকলে যে কোন কমপিউটার ব্যবহারকারী এই সেবার সুযোগ লাভ করতে পারবেন।

ডাটা ব্রিজ হচ্ছে একটি কেন্দ্রীয় সিস্টেম যাতে রয়েছে বিশেষ সফটওয়্যার, যা গ্রাহকের কল গ্রহণ করতে পারে, পাস-ওয়ার্ড পরীক্ষা করতে পারে এবং কোন ধরনের সার্ভিস চাওয়া হচ্ছে তা নির্ধারণ করতে পারে। এটি স্বয়ংক্রিয়ভাবে বিল করা সহ অন্যান্য কাজও সমাধা করতে পারে। সফটওয়্যারটি তৈরী করেছেন কনসেপ্টের প্রতিষ্ঠাতা আসাদুর রহমান এবং সিনিয়র ফ্যাকাল্টি মেম্বার কাজী আবু মোঃ মোর্শদ। বর্তমানে এই সার্ভিস কেবলমাত্র একক ব্যবহারকারীদের জন্য অফার করা হচ্ছে। এর জন্য কোন ফী নেয়া হয় না।

কমপিউটার পেশাজীবী এবং সৌখিন ব্যবহারকারীগণ ডাটা ব্রিজের সাথে নিজেদের কমপিউটার সংযুক্ত করে নতুন পদ্ধতির কমপিউটিং এবং তথ্য আদান প্রদানের সুযোগ গ্রহণ করতে পারেন। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ ঃ ফোন ৫০১৬০০। ❁


If You Need

ATTENTION FOLKS




SOFTWARE DEVELOPMENT
COMPUTER & ENGINEERING CONSULTATION
COMPUTER TRAINING & SERVICES

Then

Come to Micrologic




TO

MICROLOGIC
SYSTEMS & SOLUTIONS (PVT) LTD.
A HOME OF DEDICATED YOUNG ENGINEERS
3/6, BLOCK. D. Lalmatia, Dhaka-1207, Tel : 329766

**MICROLOGIC SYSTEMS & SOLUTIONS**

Offers Training on the following Computer Courses :

| | | |
|---|---|---|
| WORD PERFECT 6.0 | CLIPPER 5.2 | QBASIC |
| LOTUS 1-2-3 REL. 3.4 | MS-WORD | FORTRAN |
| QUATTRO PRO | WINDOWS 3.1 | TURBO PASCAL |
| dBASE-IV Ver. 1.5 | EXCEL for WINDOWS | TURBOC |
| ASSEMBLY LANGUAGE | AUTOCAD | & MORE |

Address : 3/6, Block-D. Lalmatia, Dhaka-1207. Tel : 329766

